



ঢাবির নয়া রেজিস্ট্রার এনামউজ্জামান

প্রকাশিত: ০১ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রার হিসেবে নিয়োগ পেয়েছেন মোঃ এনামউজ্জামান। তিনি ২০১৬ সালের ১২ জুলাই থেকে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিভিকেটের এক সভায় এই নিয়োগ দেয়া হয়। এর আগে উচ্চ পর্যায়ের নির্বাচনী বোর্ড তাকে রেজিস্ট্রার পদে নিয়োগের সুপারিশ করে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৮৮ সালে সহকারী রেজিস্ট্রার পদে যোগ দেন এবং ১৯৯৭ সালে ডেপুটি রেজিস্ট্রার হিসেবে পদোন্নতি পান। এছাড়া, ২০০৬ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত তিনি শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিএসএস (অনার্স) এবং এমএসএস (সমাজকল্যাণ) ডিগ্রী অর্জন করেছেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৮৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by [dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com)

Developed By
Bikiran.Com